দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 MAY 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

৫৬

56

এসএসসি পরীক্ষার ৪র্থ দিনে

# সহস্রাধিক পরীক্ষার্থী ও ৮ জন পরিদর্শক বহিষ্কৃত

বাসস জানায়, এস এস সি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল (মঙ্গলবার) চার বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে ১ হাজার ১২ জন পরীক্ষার্থীকে এবং এ কাজে সহযোগিতাদানের অভিযোগে ৮ জন পরিদর্শককে বহিষ্কার করা হইয়াছে। উহার মধ্যে আছে রাজ-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

শাহী বোর্ডের সর্বোচ্চ ৪ শত ৯৪ জন, ঢাকা বোর্ডের ২ শত ৬৪ জন, কুমিল্লা বোর্ডের ২ শত ৪৬ জন এবং যশোর বোর্ডের ১৮ জন।

কুমিল্লা সংবাদদাতা ফোনে জানান, এসএসসি পরীক্ষার ৪র্থ দিনে অসদুপায় অবলম্বনের দায়ে গতকাল (মঙ্গলবার) ৯৬ জনকে বহিষ্কার করা হয়। তন্মধ্যে সদর হইতে ১০ জন, দাউদকান্দি হইতে ১২ জন, মুরাদনগর হইতে ৩৭ জন ও দুইজন পরিদর্শক, চৌদ্দগ্রাম হইতে ৩৭ জন এবং একজন নকল সরবরাহকারীকে গ্রেফতার, নারায়ণগঞ্জে একজন, রূপগঞ্জে ৩ জন ও ৪ জন শিক্ষক, সোনারগাঁয়ে ৪ জন, আড়াইহাজারে ৩ জন, নবাবগঞ্জে একজন, কুষ্টিয়ায় ৩৪ জন এবং চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ১০০ জন বহিষ্কৃত হয়।

সিলেট অফিস জানায়, সিলেটের সদরে ৩ জন, জৈন্তাপুরে ৮ জন ও গোপালগঞ্জ কেন্দ্রে ২ জন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয় এবং সিলেট শহরের দুইটি পরীক্ষা কেন্দ্রের ১৪৪ ধারা ভঙ্গ করিয়া নকল সরবরাহ করার অভিযোগে ২ জন যুবককে গ্রেফতার করা হয়। ইহাছাড়া পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের নকলে সহায়তা করার অভিযোগে সিলেট শহরে ১ জন ও জৈন্তাপুর কেন্দ্রে ২ জনসহ ৩ জন শিক্ষককে বহিষ্কার করা হইয়াছে।